



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট

website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com



তারিখ: ১৩.০৬.২০২৩ খ্রি

২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ সিলেট-এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, ইসলামী শিক্ষা, সমাজবিজ্ঞান, অর্থনীতি, পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, ও গণিত বিষয়ে আগামী ১৪.০৬.২০২৩ তারিখ হতে ১৯.০৬.২০২৩ তারিখ পর্যন্ত সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত) ভর্তির কার্যক্রম চলবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত বিবরণ ও তফশীল নিম্নে প্রদত্ত হলো :

১। ভর্তির যোগ্যতা :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের রিলিজ প্লিপ মেধা তালিকা অনুযায়ী সিলেট মুরারিচাঁদ কলেজে বিভিন্ন বিষয়ে মনোনয়নপ্রাপ্ত আবেদনকারীরা প্রিলিমিনারী টু মাস্টার্স কোর্সে ভর্তি হতে পারবে।

২। শিক্ষার্থী কর্তৃক কার্যসম্পাদনের ধাপসমূহ :

ধাপ-১: ভর্তির জন্য মনোনীত আবেদনকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের website (www.nu.ac.bd/admissions) থেকে ফরম ডাউনলোড করে (০২ সেট ফটোকপিসহ) স্বাক্ষর করতে হবে।

ধাপ-২ : ভর্তি ফিস:

- ❖ এম.এ/এম.এস.এস কোর্সের মুসলিম শিক্ষার্থীদের সেমিনার ফিসহ ৪০০+৩৫৭০=৩৯৭০/-, অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ৪০০+৩৫৭৫=৩৯৭৫/-।
- ❖ এম.এস-সি কোর্সের মুসলিম শিক্ষার্থীদের সেমিনার ফিসহ ৫৫০+৩৬৭০=৪২২০/-, অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ৫৫০+৩৬৭৫=৪২২৫/- “সোনালী ই-সেবা”এর মাধ্যমে আগামী ১৪.০৬.২০২৩ তারিখ দুপুর ১২.০০ টা থেকে ১৯.০৬.২০২৩ তারিখের মধ্যে টাকা জমা দিয়ে টাকা জমাদানের রশিদ সংগ্রহ করে ফরমের সাথে যুক্ত করতে হবে এবং ফরমে উপরে সচল মোবাইল নম্বর স্পষ্ট করে লিখতে হবে।
- ❖ শিক্ষার্থীরা <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (Sonali eSheba) মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে "Admission Fee" বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ভর্তি ফি পরিশোধ করবে।

ধাপ-৩ : প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ অনলাইনে পূরণকৃত ভর্তি ফরম (০২ সেট) নিয়ে সংশ্লিষ্ট বিভাগে গিয়ে ভর্তি কার্যক্রম সম্পাদন করতে হবে। এ সময় বিভাগ থেকে ক্লাস রোল নম্বর প্রদান করা হবে।

৩। প্রয়োজনীয় কাগজপত্র (বিশ্ববিদ্যালয়ের ফরমের সাথে ০১ সেট এবং ফটোকপি ০১ সেট সংযুক্ত করতে হবে):

- ক) ডিগ্রী (পাস)/ স্নাতক পাশের রেজিস্ট্রেশন কার্ড এবং নম্বরপত্রের ফটোকপি ;
- খ) দ্বৈত ভর্তি নেই এই মর্মে প্রার্থীর অঙ্গিকারনামার ফটোকপি;
- গ) বিশ্ববিদ্যালয়ের ফরমের মূল কপির নির্দিষ্ট শহানে সদ্য তোলা পাসপোর্ট আকারের দুই কপি এবং অন্যান্য সেটে ০১ কপি করে ছবি সংযুক্ত করতে হবে; অতিরিক্ত ০২ কপি ছবি স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।
- ঘ) সমতা নিরূপণ ও মাইগ্রেশন সনদের সত্যায়িত ফটোকপি(প্রযোজ্য ক্ষেত্রে);

ঙ) পাঠবিরতি সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

চ) মুক্তিযোদ্ধার সন্তান /আদিবাসি/উপজাতি/প্রতিবন্ধি কোটায় ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ প্রদর্শন সাপেক্ষে নির্দিষ্ট সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারবে।

বিঃদ্র: ভর্তির সময় অবশ্যই সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। অসম্পূর্ণ/ভুল/ মিথ্যা তথ্য সম্বলিত/প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া আবেদন বাতিল বলে গণ্য হবে।

৪। সংশ্লিষ্ট বিভাগ চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত স্নাতক (পাস), স্নাতক (সম্মান) পরীক্ষা রোল,প্রাপ্ত নম্বর /জিপিএ ও জন্ম তারিখ শিক্ষার্থীর দাখিলকৃত নম্বরপত্রের সাথে মিলিয়ে দেখতে হবে।

৫। বিভাগসমূহ ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা এতদসঙ্গে প্রেরিত ছক মোতাবেক এক্সেলে পূরণ পূর্বক দুইদিন অন্তর ই-মেইলে (admission.mccollege1892@gmail.com) প্রেরণ করতে হবে এবং আগামী ২০.০৬.২০২৩ তারিখ ১.৩০ ঘটিকার মধ্যে চূড়ান্ত ভর্তির তালিকার হার্ডকপি অফিসের কম্পিউটার শাখায় এবং সফট কপি উক্ত ই-মেইলে প্রেরণ করতে হবে। বিষয়টি অতীব জরুরী।

**** ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের বিষয় পরিবর্তন হয়েছে তাদের পরিবর্তিত বিষয়ের ফরম অনলাইনে পূরণ পূর্বক প্রিন্ট করে সংশ্লিষ্ট বিভাগে ১৪.০৬.২০২৩ থেকে ২০.০৬.২০২৩ তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। বিষয় পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে অতিরিক্ত কোন ফি প্রদান করতে হবে না।**

❖ রিলিজ স্লিপ মেধা তালিকায় ফলাফল প্রত্যেক বিভাগে ই-মেইলে প্রেরণ করা হয়েছে। বিভাগীয় প্রধানগণ প্রদত্ত ফলাফল ই-মেইল থেকে ডাউনলোড করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট

